

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. পানি - নাপাক বা ময়লা মিশ্রিত পানির বিধান

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ الْبَاهِلِيِّ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ \_ صلى الله عليه وسلم: إِنَّ الْمَاءَ لَا يُنَجِّسُهُ شَيْءٌ, إِلَّا مَا غَلَبَ عَلَى رِيحِهِ وَطَعْمِهِ, وَلَوْنِهِ. أَخْرَجَهُ ابْنُ مَاجَهُ وَضَعَّفَهُ أَبُو حَاتِمٍ

ضعيف. رواه ابن ماجه (521) من طريق رشدين بن سعد، حدثنا معاوية بن صالح، عن راشد بن سعد، عن أبي إمامة به. وهو ضعيف؛ لضعف رشدين، وقد اضطرب أيضا في إسناده

#### বাংলা

৩। আবূ উমামাহ বাহিলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয় পানিকে কোন কিছু অপবিত্র করতে পারে না। তবে যা তার ঘ্রাণ, স্বাদ ও রঙকে পরিবর্তন করে দেয়"।-ইবনু মাজাহ[1], আবৃ হাতিম এটিকে য'ঈফ বলেছেন।[2]

## **English**

Narrated Abu Umama Al-Bahili:

Narrated Abu Umama Al-Bahili: Allah's Messenger (ﷺ) said: "Water cannot be rendered impure by anything except something which changes its smell, taste and colour". [Ibn Majar reported it and Abu Hatim described it as Da'if (weak)].



### ফুটনোট

[1] যঈফ, ইবনু মাযাহ ৫২১- রুশদাইন বিন সা'দ সূত্রে। মুয়াবিয়াহ বিন সালিহ রাশিদ বিন সা'দ থেকে, তিনি আবু উমামাহ হতে। তিনি দুর্বল, আবু রুশদাইন এর দুর্বলতার কারণে। তাছাড়া হাদীসের সনদে ইজতিরাব-এর সমস্যা রয়েছে।

[2] তাঁর ছেলে 'ইলাল' গ্রন্থে (১/৪৪) বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন: আমার পিতা বলেছেন যে, রুশদাইন বিন সা'দ হাদীসটিকে আবূ উমামাহ সূত্রে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুত্তাছিল হিসেবে বর্ণনা করেছেন। কিন্তু রুশদাইন শক্তিশালী রাবী নয়। সঠিক কথা এই যে, হাদীসটি মুরসাল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন